# ভোটের মাধ্যমে নতুন অধ্যায়ের শুরু: জামায়াত আমির




জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

ভোটাধিকার প্রয়োগের মধ্য দিয়ে একটি নতুন অধ্যায়ের সূচনা হয়েছে বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর আমির ড. শফিকুর রহমান। দীর্ঘ অপেক্ষার পর জনগণ ভোট দেওয়ার সুযোগ পেয়েছে—এটিকে তিনি ইতিবাচক পরিবর্তনের সূচনা হিসেবে দেখছেন।

বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকালে রাজধানীর মিরপুরে মনিপুর উচ্চ বিদ্যালয় (বালক শাখা) কেন্দ্রে ভোট দেওয়ার পর তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। তিনি আশা প্রকাশ করেন, নির্বাচন শান্তিপূর্ণ ও সবার কাছে গ্রহণযোগ্য হবে এবং এর মাধ্যমে দেশের ১৮ কোটি মানুষের প্রতিনিধিত্বকারী সরকার গঠিত হবে।

নির্বাচনে গণমাধ্যমের ভূমিকার কথাও তুলে ধরেন শফিকুর রহমান। তিনি বলেন, সঠিক ও দায়িত্বশীল সংবাদ পরিবেশন এ প্রক্রিয়াকে আরও বিশ্বাসযোগ্য করে তুলতে পারে।

কোনো বিচ্ছিন্ন ছোটখাটো ঘটনা ঘটলে তা মেনে নেওয়া হবে জানিয়ে তিনি বলেন, তবে বড় ধরনের অনিয়ম হলে দল প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পিছপা হবে না।

LENS ASIA